

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ২৭৩

8/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪/৩৮. সালাতের রূকনগুলো মধ্যম পন্থায় আদায় করা এবং তা সংক্ষিপ্ত করা ও পূর্ণ করা

اعتدال أركان الصلاة وتخفيفها في تمام

## আরবী

. حَدِيْثُ أَنَسِ بْنِ مَالِكِ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ إِنِّي لاَ آلُو أَنْ أُصلِّيَ بِكُمْ كَمَا رَأَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم يُصلِّي بِنَا قَالَ ثَابِتٌ (راوي هذا الحديث) كَانَ أَنَسُ بْنُ مَالِكِ يَصنْنَعُ شَيْئًا لَمْ أَرَكُمْ تَصنْنَعُونَهُ كَانَ إِذَا رَفَعَ رَأْسَهُ مِنْ الرُّكُوعِ قَامَ حَتَّى يَقُولَ الْقَائِلُ قَدْ نَسِيَ وَبَيْنَ السَّجْدَتَيْنِ حَتَّى يَقُولَ الْقَائِلُ قَدْ نَسِيَ وَبَيْنَ السَّجْدَتَيْنِ حَتَّى يَقُولَ الْقَائِلُ قَدْ نَسِي وَبَيْنَ السَّجْدَتَيْنِ حَتَّى يَقُولَ الْقَائِلُ قَدْ نَسِي

## বাংলা

২৭৩. আনাস ইবনু মালিক (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে যেভাবে আমাদের নিয়ে সালাত আদায় করতে দেখেছি, কমবেশি না করে আমি তোমাদের সেভাবেই সালাত আদায় করে দেখাব।

সাবিত (রহ.) বলেন, আনাস ইন্দু মালিক (রাযি.) এমন কিছু করতেন যা তোমাদের করতে দেখিনা। তিনি রুকৃ' হতে মাথা তুলে দাঁড়িয়ে এত বিলম্ব করতেন যে, কেউ বলত, তিনি (সিজদার কথা) ভুলে গেছেন।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১০; আযান, অধ্যায় ১৪০, হাঃ ৮২১; মুসলিম, পর্ব ৪ : সালাত, অধ্যায় ৩৮, হাঃ ৪৭২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন